

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.১৫১.০৯.১১৯

তারিখ: ১৮ আষাঢ়, ১৪২৭
০২ জুলাই ২০২০

বিষয়: **ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ, ঝিনাইদহ - কে অধিভুক্ত করণ।**
সূত্র: নং- ৩৩.০০.০০০০.১১৭.৯৯.০০৭.১৮.১৫৯, তারিখ: ২৭.৬.২০২০, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ পাঁচ বছর (ইন্টারশিপসহ) মেয়াদি ডিডিএম কোর্সে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু) এর অধীন শিক্ষা কার্যক্রম শুরু করে। ঝিনাইদহ থেকে 'সিভাসু' দূরবর্তী হওয়ায় যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিলের সুপারিশ ও রিজেন্ট বোর্ডের অনুমোদন সাপেক্ষে উক্ত কলেজকে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আওতায় পাঠদানের অনুমতি দেওয়া হয় এবং তা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ পর্যন্ত নবায়ন করা হয়। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ অনুসারে এ মুহূর্তে কোন প্রতিষ্ঠানকে অধিভুক্ত করার সুযোগ না থাকায় এ বিশ্ববিদ্যালয়টি ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজের ১ম ব্যাচের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশ করতে পারছে না। শিক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশ করা এবং কলেজের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর সঙ্গে অধিভুক্ত করা যেতে পারে।

২। এমতাবস্থায়, ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর সঙ্গে অধিভুক্ত করার বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২-৭-২০২০

নীলিমা আফরোজ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭২১৮৫
ইমেইল: ds_univ1@moedu.gov.bd

বিতরণ :

- ১) উপাচার্য, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ২) উপাচার্য, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.১৫১.০৯.১১৯/১(৫)

তারিখ: ১৮ আষাঢ়, ১৪২৭
০২ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপসচিব, প্রাণিসম্পদ-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর
- ৪) রেজিস্ট্রার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২-৭-২০২০

নীলিমা আফরোজ
সিনিয়র সহকারী সচিব